# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সররকার

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক
বনানী, ঢাকা-১২১২।
www.brta.gov.bd

নম্বর-৩৫.০৩.০০০০.০০১.১১.০৪৩.২২-১৬৬৭ তারিখ: ১৫.০৯.২০২২খ্রি:।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি'র (বিআরটিএ) নিম্নবর্ণিত ০৭(সাত) ক্যাটাগরির মোট ৬৪(চৌষট্টি)টি শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে লোকবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (Online-এ http://brta.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।:

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|---|
| ১. | হিসাব রক্ষক | ০১(এক)টি | ১১০০০-২৬৫৯০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন স্নাতক ডিগ্রী; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মনবাড়িয়া, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, খুলনা, কুষ্টিয়া, চুয়াডাংগা, মেহেরপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, বরিশাল ও ভোলা, বরগুনা<br><br>শারিরিক প্রতিবন্ধী ও এতিম কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর | ০১(এক)টি | ১১০০০-২৬৫৯০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০৭(সাত)টি | ১০২০০-২৪৬৮০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে; গ) সাঁটলিপিতে ন্যূনতম গতি ইংরেজিতে প্রতি মিনিটে ৭০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ। তাছাড়া কম্পিউটার মুদ্রাক্ষরে ন্যূনতম গতি বাংলা : প্রতি মিনিটে ২৫ শব্দ; ইংরেজী : প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৪. | মেকানিক্যাল এসিস্ট্যান্ট | ১৪(চৌদ্দ)টি (কম বেশি হতে পারে) | ১০২০০-২৪৬৮০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কোন স্বীকৃত বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠান হতে অটোমোবাইল/অটোমোটিভ ট্রেড এ কারিগরি বৃত্তিমূলক ২য় পর্ব উত্তীর্ণ;<br>গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হইবে। | |
| ৫. | বেঞ্চ সহকারী | ০৫(পাঁচ)টি (কম বেশি হতে পারে) | ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহার দক্ষতা থাকতে হবে। | |
| ৬. | ক্যাশিয়ার | ০১(এক)টি | ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। | |
| ৭. | অফিস সহায়ক | ৩৫(পয়ত্রিশ)টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ নারায়ণগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়ছড়ি, বান্দরবান, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মনবাড়িয়া, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, খুলনা, যশোর, মাগুড়া, চুয়াডাংগা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, পিরোজপুর ও ভোলা<br><br>শারিরিক প্রতিবন্ধী ও এতিম কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলী:

১। আবেদনকারীর বয়স ০১.০৯.২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে, শুধুমাত্র মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

২। সরকারি/আধা-সরকারি/স্বায়িত্বসাশিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৩। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

৪। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে;
ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি রঙিন ছবি'
খ) ১ম শ্রেণির গেজেটড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (যদি থাকে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;
গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেটের কপি জমা দিতে হবে;
ঘ) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখ পূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;
ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি প্রদর্শণসহ সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৫। পদ পূরণের ক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর বিদ্যমান নিয়োগবিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তীত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান(সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর এর ওয়েবসাইটে (www.brta.gov.bd) পাওয়া যাবে।

৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

৯। পদগুলো বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনকৃত, তবে পদগুলো স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১। সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে বিআরটিএ'র বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স সীমা ৪০(চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

১২। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:
ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://brta.teletalk.com.bd অথবা www.brta.gov.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১ অক্টোবর, ২০২২ সকাল ১০:০০ঘটিকা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫ নভেম্বর, ২০২২ বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার জমা দিতে পারবেন।
খ) Online আবেদনপত্র প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB।
গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি (Picture) এবং স্বাক্ষর (Signature) upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিনছবি, নির্ভুলতথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। প্রার্থীর প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-৬নং পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা মাত্র) ও সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার টাকা মাত্র) সর্বমোট ১১২/- (একশত বার টাকা মাত্র) এবং ক্রমিক ৭নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা মাত্র) ও সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয় টাকা মাত্র) সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন টাকা মাত্র) অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

প্রথম SMS: **BRTA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BRTA ABCDEF**

Reply: Applicant's Name, TK- 112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BRTA<space>YES<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BRTA**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BRTA YES 123456**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BRTA Application for Post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/brta.teletalk.com.bd অথবা www.brta.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BRTA**<space>**Help**<space>**USER**<space>**USER ID** & Send to 16222.

Example: **BRTA HELP USER ABCDEF**

ii. PIN Number জানা থাকলে: **BRTA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: **BRTA HELP PIN 12345678**

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর **Website: www.brta.gov.bd** এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.brta.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা dda@brta.gov.bd বা ha@brta.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: BRTA, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন :**
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান** করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৫/০৯/২০২২

(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।

ডিসি-৯০০/২২ (১৪"×৮)